

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫১/২০১৬

অভিযোগকারী : জনাব মো: আব্দুল্লাহ আল মামুন  
পিতা-মো: তমিজ উদ্দিন  
৯৭, শাজাহানপুর, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব এ বি এম ওয়াহিদুর রহমান  
থানা সার্কেল কৃষি অফিসার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
তেজগাঁও উন্নয়ন সার্কেল  
পশ্চিম দোলাইপাড়, শ্যামপুর, ঢাকা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ২০-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ১৫-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব এ বি এম ওয়াহিদুর রহমান, থানা সার্কেল কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তেজগাঁও উন্নয়ন সার্কেল, পশ্চিম দোলাইপাড়, শ্যামপুর, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ঢাকা জেলার তেজগাঁও উন্নয়ন সার্কেলের ২০১২-১৩, ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরের নিম্ন বর্ণিত তথ্য-  
উল্লিখিত অর্থ বছরের (ক) কাবিখা, (খ) কাবিটা, (গ) টি আর, (ঘ) ১% স্থাবর করের, (ঙ) রাজস্ব, (চ) উন্নয়ন,  
(ছ) বিশেষ বরাদ্দ, (জ) এডিপি।

উপরের উল্লেখিত কর্মসূচী/প্রকল্প সমূহের নামের তালিকা।

- নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১১-০১-২০১৬ তারিখে জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৭-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- অভিযোগকারী ও প্রতিপক্ষ হাজির। শুনানীতে থানা সার্কেল কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সার্কেল অফিসার তেজগাঁও উন্নয়ন সার্কেল এর প্রয়োজনীয়তা থাকায় অধিকতর শুনানীর জন্য পরবর্তী ২০-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।
- শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মো: আব্দুল্লাহ আল মামুন, তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে গরহাজির। প্রতিপক্ষ জনাব এ বি এম ওয়াহিদুর রহমান, থানা সার্কেল কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তেজগাঁও উন্নয়ন সার্কেল, পশ্চিম দোলাইপাড়, শ্যামপুর, ঢাকা গরহাজির। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে সমস্ত তথ্য প্রদান করে অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে তথ্য কমিশনে পত্র মারফত প্রার্থনা করেছেন।

## পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনাব এ বি এম ওয়াহিদুর রহমান, থানা সার্কেল কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তেজগাঁও উন্নয়ন সার্কেল, পশ্চিম দোলাইপাড়, শ্যামপুর, ঢাকা অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি মোট ২৫৬ পাতা সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং কমিশনে একটি কপি প্রেরণ করেছেন। প্রাপ্ত তথ্যে পেয়ে অভিযোগকারী সন্তুষ্ট বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব এ বি এম ওয়াহিদুর রহমান, থানা সার্কেল কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তেজগাঁও উন্নয়ন সার্কেল, পশ্চিম দোলাইপাড়, শ্যামপুর, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

[বে.স]